টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি

# স্মলপক্স/মাঙ্কিপক্স-এর টিকা (JYNNEOS™): *আপনাকে যা জানতে হবে*

Many Vaccine Information Statements are available in Bengali and other languages. See www.immunize.org/vis

অনেক টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি বাংলা এবং অন্যান্য ভাষায় উপলভ্য রয়েছে। www.immunize.org/vis-এ দেখুন

## 1. কেন টিকা নিতে হবে?

**স্মলপক্স/মাঙ্কিপক্স-এর টিকা (JYNNEOS™)** স্মলপক্স (গুটিবসন্ত), মাঙ্কিপক্স এবং ভ্যাক্সিনিয়া ভাইরাস সহ অর্থোপক্স ভাইরাস দ্বারা সৃষ্ট অন্যান্য রোগের বিরুদ্ধে রক্ষা করতে সাহায্য করতে পারে।

স্মলপক্স ভ্যারিওলা ভাইরাস দ্বারা সৃষ্ট একটি অত্যন্ত মারাত্মক রোগ। কিছু লোক স্মলপক্সের কারণ ঘটায় এমন ভাইরাসের সংস্পর্শে আসার ঝুঁকিতে থেকেই যান, যার মধ্যে রয়েছে যারা জরুরী প্রস্তুতিতে কাজ করেন এবং কিছু পরীক্ষাগার কর্মী। ভাইরাসটি এক ব্যক্তির থেকে অন্য ব্যক্তির মধ্যে ছড়িয়ে পড়তে পারে, যার ফলে জ্বর এবং ত্বকে ফুসকুড়ি সহ উপসর্গ দেখা দিতে পারে। অতীতে স্মলপক্স হয়েছিল এমন অনেক লোক সুস্থ হয়ে উঠেছেন, কিন্তু এই রোগে আক্রান্ত প্রতি 10 জনের মধ্যে প্রায় 3 জন মারা গেছেন।

মাঙ্কিপক্স হল একটি বিরল রোগ যার উপসর্গগুলি স্মলপক্সের উপসর্গের মতোই কিন্তু হালকা। যদিও মাঙ্কিপক্স মৃত্যু ঘটাতে পারে। মাঙ্কিপক্স আফ্রিকায় একটি উঠতি সংক্রমণ এবং কখনও কখনও মার্কিন যুক্তরাষ্ট্র সহ অন্যান্য দেশে বাইরে থেকে নিয়ে আসা মাঙ্কিপক্সের প্রাদুর্ভাব ঘটে।

যখন কোনো মানুষ সংক্রমিত মানুষ (যেমন এমন কারো সংস্পর্শে আসা যাকে সম্প্রতি ACAM2000® দিয়ে টিকা দেওয়া হয়েছে, অন্য ধরনের স্মলপক্সের টিকা) বা প্রাণীর সংস্পর্শে আসে তখন ভ্যাক্সিনিয়া ভাইরাস রোগের কারণ হয়ে দাঁড়াতে আসে যারা ল্যাবরেটরিতে ভ্যাক্সিনিয়া ভাইরাস নিয়ে কাজ করেন তারা দুর্ঘটনাক্রমে ভাইরাসের সংস্পর্শে এসে যেতে পারেন এবং তারা যদি সংক্রমিত হন তবে তারা অসুস্থ হয়ে পড়তে পারেন। যদিও, চিকিৎসা ছাড়াই নিজে থেকেই বেশিরভাগ ভ্যাক্সিনিয়া ভাইরাস সংক্রমণের সমাধান হয়ে যায়।

## 2. স্মলপক্স/মাঙ্কিপক্স-এর টিকা (JYNNEOS™)

স্মলপক্স/মাঙ্কিপক্স-এর টিকা (JYNNEOS™) দুর্বল লাইভ ভ্যাক্সিনিয়া ভাইরাস ব্যবহার করে তৈরি করা হয় এবং স্মলপক্স, মাঙ্কিপক্স বা অন্য কোনো সংক্রামক রোগের কারণ ঘটাতে পারে না।

JYNNEOS™ **স্মলপক্স বা মাঙ্কিপক্স সংক্রমণের উচ্চ ঝুঁকিতে থাকা 18 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের** মধ্যে স্মলপক্স এবং মাঙ্কিপক্স রোগ প্রতিরোধের জন্য খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) দ্বারা অনুমোদিত।

- অর্থোপক্সভাইরাস সংক্রমণ ঘটায় এমন ভাইরাসের সংস্পর্শে আসতে পারে এমন কিছু পরীক্ষাগার কর্মী এবং জরুরী প্রতিক্রিয়া দলের সদস্যদের জন্য CDC JYNNEOS™ সুপারিশ করে।
- যারা ACAM2000® প্রদান করেন, বা যারা অর্থোপক্সভাইরাসে সংক্রমিত রোগীদের পরিচর্যা করেন তাদের জন্য CDC টিকাটি বিবেচনা করার পরামর্শ দেয়।

JYNNEOS™ সাধারণত 4 সপ্তাহের ব্যবধানে 2টি ইনজেকশনের একটি সিরিজ হিসাবে দেওয়া হয়। অতীতে স্মলপক্সের টিকা পেয়েছেন এমন ব্যক্তিদের শুধুমাত্র 1টি ডোজের প্রয়োজন হতে পারে।

যদি একজন ব্যক্তি স্মলপক্স, মাঙ্কিপক্স বা অন্যান্য অর্থোপক্স ভাইরাসের সংস্পর্শে আসার ঝুঁকিতে রয়ে যান তাহলে প্রতি 2 বা 10 বছর অন্তর বুস্টার ডোজ সুপারিশ করা হয়। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে আরও তথ্য দিতে পারবেন।

## 3. আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন

আপনার টিকাকরণ প্রদানকারীকে বলুন যদি টিকা গ্রহণকারী ব্যক্তি/ব্যক্তির:

- **স্মলপক্সের টিকার পূর্ববর্তী ডোজের পরে কোনো অ্যালার্জির প্রতিক্রিয়া** হয়ে থাকে, বা তার কোনো **গুরুতর, প্রাণ-সংশয়কারী অ্যালার্জি থাকে**
- একটি **দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থা থাকে**
- **গর্ভবতী হন বা মনে করেন তারা গর্ভবতী হতে পারেন** বা এমন হয় যে তিনি **বুকের দুধ খাওয়াচ্ছেন**

কিছু ক্ষেত্রে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী একটি ভবিষ্যত সাক্ষাৎ পর্যন্ত JYNNEOS™ এর সাথে রুটিন (সংস্পর্শে আশার পূর্বে) স্মলপক্স/মাঙ্কিপক্স-এর টিকাকরণ স্থগিত করার সিদ্ধান্ত নিতে পারেন।

U.S. Department of Health and Human Services
Centers for Disease Control and Prevention

সর্দি-কাশির মতো ছোটখাটো অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের টিকা দেওয়া যেতে পারে। মাঝারি বা গুরুতর অসুস্থ ব্যক্তিদের সাধারণত একটি রুটিন (সংস্পর্শে আশার পূর্বে) JYNNEOS™ নেওয়ার আগে সুস্থ না হওয়া পর্যন্ত অপেক্ষা করা উচিত। **মাঙ্কিপক্স ভাইরাসের সংস্পর্শে আশার কারণে, আপনাকে যদি JYNNEOS™ নেওয়ার সুপারিশ করা হয়, তাহলে আপনার সমসাময়িক অসুস্থতা, গর্ভাবস্থা, বুকের দুধ খাওয়ানো বা দুর্বল প্রতিরোধ ব্যবস্থা নির্বিশেষে টিকা নেওয়া উচিত।**

JYNNEOS™ সাধারণত অন্যান্য টিকার সময় বিবেচনা না করে দেওয়া যেতে পারে। যদিও, কিশোর-কিশোরী বা অল্প বয়স্ক পুরুষ সহ মায়োকার্ডাইটিস (হৃদপিণ্ডের পেশী ফুলে যাওয়া) নামক অবস্থার বর্ধিত ঝুঁকিতে থাকা নির্দিষ্ট কিছু ব্যক্তিরা কিছু COVID-19 টিকা নেওয়ার আগে JYNNEOS™ টিকা দেওয়ার 4 সপ্তাহ পর পর্যন্ত অপেক্ষা করার কথা বিবেচনা করতে পারেন। **মাঙ্কিপক্স ভাইরাসের সংস্পর্শে আসার কারণে যদি আপনাকে JYNNEOS™ গ্রহণের জন্য সুপারিশ করা হয়, তাহলে আপনি সম্প্রতি একটি COVID-19 টিকা নিয়ে থাকলেও আপনার টিকা নেওয়া উচিত।**

## 4. কোনো টিকাজনিত প্রতিক্রিয়ার ঝুঁকি

- JYNNEOS™ এর সাথে টিকা নেওয়ার পরে, যেখানে শট দেওয়া হয়েছে সেখানে সবচেয়ে সাধারণ জিনিস যা ঘটে তা হল লালভাব, ব্যথা, ফোলাভাব, এবং চুলকানি।
- JYNNEOS™ এর সাথে টিকা দেওয়ার পরে ক্লান্তি (পরিশ্রান্তি), মাথাব্যথা, এবং পেশী ব্যথাও কখনও কখনও ঘটতে পারে।

লোকেরা কখনও কখনও টিকাকরণ সহ চিকিৎসা-সম্বন্ধীয় পদ্ধতিসমূহের পরে অজ্ঞান হয়ে যায়। আপনি যদি মাথা ঘোরা অনুভব করেন বা দৃষ্টিশক্তির পরিবর্তন হয় বা কানের মধ্যে শব্দ হতে থাকে তাহলে আপনার প্রদানকারীকে তা জানান।

যেকোন ওষুধের মতোই, কোনো টিকার মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া, অন্যান্য গুরুতর আঘাত বা মৃত্যুর কারণ হওয়ার খুব প্রত্যন্ত সম্ভাবনা রয়েছে।

JYNNEOS™ টিকার যেকোনো ডোজ পাওয়ার পরে আপনার স্মার্টফোন ব্যবহার করে এবং vsafe.cdc.gov-এ গিয়ে আপনি V-safe-এ নথিভুক্ত করতে পারেন। V-safe হল একটি নিরাপত্তা মনিটরিং সিস্টেম যা একটি JYNNEOS™ টিকা পাওয়ার পর আপনি, বা আপনার নির্ভরশীল, কেমন অনুভব করেন আপনাকে তা CDC এর সাথে শেয়ার করতে দেয়। আরও তথ্যের জন্য www.cdc.gov/vsafe দেখুন।

## 5. যদি কোনো গুরুতর সমস্যা হয় তাহলে কী হবে?

টিকা প্রাপ্ত ব্যক্তি ক্লিনিক ছেড়ে চলে যাওয়ার পরে একটি অ্যালার্জির প্রতিক্রিয়া ঘটতে পারে। আপনি যদি কোনো গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়ার লক্ষণ দেখেন (আমাবাত, মুখ এবং গলা ফুলে যাওয়া, শ্বাস নিতে অসুবিধা, দ্রুত হৃদস্পন্দন, মাথা ঘোরা বা দুর্বলতা), তাহলে **9-1-1** নম্বরে কল করুন এবং ব্যক্তিটিকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যান।

আপনার উদ্বেগের অন্যান্য লক্ষণগুলির জন্য, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

প্রতিকূল প্রতিক্রিয়াগুলি টিকার প্রতিকূল ঘটনার রিপোর্টিং সিস্টেম (Vaccine Adverse Event Reporting System, VAERS) এর কাছে রিপোর্ট করা উচিত। সাধারণত আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী এই রিপোর্টটি দায়ের করবেন, অথবা আপনি নিজেই এটি করতে পারেন। www.vaers.hhs.gov-এ VAERS ওয়েবসাইটে যান বা **1-800-822-7967** নম্বরে কল করুন। *VAERS শুধুমাত্র প্রতিক্রিয়া রিপোর্ট করার জন্য, এবং VAERS কর্মী সদস্যরা চিকিৎসা-সম্বন্ধীয় পরামর্শ দেন না।*

## 6. আঘাতের ক্ষতিপূরণ প্রতিব্যবস্থার কার্যক্রম

আঘাতের ক্ষতিপূরণ প্রতিব্যবস্থার কার্যক্রম (Countermeasures Injury Compensation Program) হল একটি ফেডারেল প্রোগ্রাম যা কিছু নির্দিষ্ট ওষুধ বা টিকার দ্বারা গুরুতর আহত হয়েছে এমন কিছু লোকের চিকিৎসাগত পরিচর্যার খরচ এবং অন্যান্য নির্দিষ্ট খরচ মেটাতে সাহায্য করতে পারে। আপনি যদি স্মলপক্স/মাঙ্কিপক্স-এর টিকা দ্বারা আহত হয়ে থাকেন, তাহলে আপনি কার্যক্রমের ওয়েবসাইট www.hrsa.gov/cicp-এ গিয়ে অথবা **1-855-266-2427 (855-266-CICP)** নম্বরে কল করে এই কার্যক্রম সম্পর্কে আরও জানতে পারেন।

## 7. আমি কিভাবে আরও জানতে পারি?

- আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- আপনার স্থানীয় বা স্টেটের স্বাস্থ্য বিভাগে কল করুন।
- টিকার প্যাকেজ সন্নিবেশসমূহ এবং অতিরিক্ত তথ্যের জন্য খাদ্য এবং ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) এর ওয়েবসাইট www.fda.gov/vaccines-blood-biologics/vaccines-এ যান।
- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের সাথে যোগাযোগ করুন (Centers for Disease Control and Prevention, CDC):
  - কল করুন **1-800-232-4636 (1-800-CDC-INFO)** অথবা
  - www.cdc.gov/poxvirus/monkeypox-এ CDC-এর ওয়েবসাইট যান।

**Bengali** translation provided by Immunize.org